



**C-ইউনিট**

বিজ্ঞান স্ট্রিম (C1, C2, C3) এবং অ-বিজ্ঞান স্ট্রিম

১ম বর্ষ বি.এস-সি./ বি.ফার্ম. (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮

৩১ অক্টোবর ২০১৭

**ভর্তি পরীক্ষার ফলাফল সংক্রান্ত বিজ্ঞপ্তি**

বি.এস-সি./ বি.ফার্ম. (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮ (C-ইউনিট)-এর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হল।

১. বিজ্ঞান স্ট্রিমে উত্তীর্ণ ভর্তিচ্ছু পরীক্ষার্থীদেরকে আগামী ০৭-১১-২০১৭ থেকে ২০-১১-২০১৭ তারিখের মধ্যে অন-লাইনে (admission.ru.ac.bd) বিভাগ পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।
২. পছন্দক্রম ও মেধাক্রমানুসারে আগামী ২৩-১১-২০১৭ তারিখে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীতদের তালিকা বিজ্ঞান অনুষদের নোটিশ বোর্ডে ও ওয়েবসাইট (admission.ru.ac.bd)-এ প্রকাশ করা হবে।
৩. অ-বিজ্ঞান স্ট্রিমের ভর্তিচ্ছু এবং বিজ্ঞান স্ট্রিমের যে সকল পরীক্ষার্থী ভর্তি পরীক্ষার উত্তরপত্রে শারীরিক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান বিভাগে ভর্তির জন্য ইচ্ছা প্রকাশ করেছে, তাদের মধ্যে উত্তীর্ণদের জন্য ব্যবহারিক পরীক্ষার সময়সূচী আগামী ১৩-১১-২০১৭ তারিখে ওয়েবসাইট (admission.ru.ac.bd)-এ প্রকাশ করা হবে।
৪. পোষ্য কোটায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ২৩-১১-২০১৭ তারিখে বিজ্ঞান অনুষদের নোটিশ বোর্ডে ও ওয়েবসাইট (admission.ru.ac.bd)-এ প্রকাশ করা হবে। মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ভর্তি সংক্রান্ত পরবর্তী প্রক্রিয়া যথাক্রমে ছাত্র উপদেষ্টা, প্রশাসক (জনসংযোগ) ও প্রধান চিকিৎসক-এর কার্যালয় থেকে পরিচালিত হবে।

উল্লেখ্য যে, C-ইউনিট-এ বিভাগসমূহ ও আসন সংখ্যা নিম্নরূপ:

| বিভাগ |   | আসন সংখ্যা |
|-------|---|------------|
| ১     | গণিত  | ১১০        |
| ২     | পদার্থবিজ্ঞান                                     | ৯০         |
| ৩     | রসায়ন  | ১০০        |
| ৪     | পরিসংখ্যান  | ৯০         |
| ৫     | প্রাণরসায়ন ও অনুপ্রাণবিজ্ঞান                     | ৫০         |
| ৬     | ফার্মেসী  | ৫০         |
| ৭     | পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভলপমেন্ট | ৬০         |
| ৮     | ফলিত গণিত   | ৮০         |
| ৯     | শারীরিক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান                   | ৩০         |

সর্বমোট আসন সংখ্যা = ৬৬০

প্রকাশিত ফলাফলে পরবর্তীতে কোন ভুল-ভ্রান্তি গোচরীভূত হলে, তা সংশোধন করার ক্ষমতা বিজ্ঞান অনুষদ সংরক্ষণ করে।

প্রফেসর ড. মো. আখতার ফারুক

ডীন, বিজ্ঞান অনুষদ

ও

চীফ কো-অর্ডিনেটর, ১ম বর্ষ বি.এস-সি./ বি.ফার্ম. (সম্মান) ভর্তি পরীক্ষা কমিটি ২০১৭-২০১৮